দৈনিক ইত্তেফাক

18

তারিখ 26 NOV 1998
পৃষ্ঠা 1 কলাম 2

এসএসসি ও এইচএসসি

# এক বিষয়ে ফেল-করা পরীক্ষার্থীদের জন্য বিশেষ ব্যবস্থা

মাইনুল হাসান ॥ এ বছর অনুষ্ঠিত এসএসসি ও এইচএসসি পরীক্ষায় যে সকল পরীক্ষার্থী কেবল একটি বিষয়ে ফেল করিয়াছে — তাহাদের আগামী বছর

(২য় পৃষ্ঠায় ১-এর কঃ দ্রঃ)

## এসএসসি ও এইচএসসি

(প্রথম পৃষ্ঠার পর)

অনুষ্ঠিতব্য ঐ পরীক্ষায় ঐ বিষয়ে পরীক্ষা দেওয়ার সুযোগ দেওয়া হইবে। সংশ্লিষ্ট বিষয়ে পাস করিলে ফলাফল 'বিশেষ পাস' হিসাবে প্রদান করা হইবে। কোন ডিভিশন দেওয়া হইবে না। শিক্ষা মন্ত্রণালয়ের এক সভায় এই সিদ্ধান্ত গৃহীত হয়। পাঁচটি শিক্ষা বোর্ডের পক্ষ হইতে ইস্যুকৃত এক বিজ্ঞপ্তিতে বলা হইয়াছে যে, এক বিষয়ে ফেল করা পরীক্ষার্থীরা পরবর্তী বছরে ঐ বিষয়ে পরীক্ষা দিতে চাহিলে অবশ্যই তাহার রেজিষ্ট্রেশনের মেয়াদ থাকিতে হইবে। এই ধরনের পরীক্ষা ব্যবস্থা ঐচ্ছিক হিসাবে গণ্য হইবে। তবে পরীক্ষার্থী ইচ্ছা করিলে সকল বিষয়েও পরীক্ষা দিতে পারিবে। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত এই ব্যবস্থা অব্যাহত থাকিবে।